দৈনিক বাংলা

তারিখ 18 APR 1987
পৃষ্ঠা 1 কলাম 4

শিক্ষা তথ্য ও [illegible]
দৈনিক বাংলা
কেন্দ্র

021

# পাঠ্য বইয়ের মান উন্নয়নের চেষ্টা চলছে: মাহবুব

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান শুক্রবার ঢাকায় বলেন, আগামী শিক্ষাবছর থেকে পাঠ্যপুস্তক ও পাঠক্রমের মানোন্নয়নের চেষ্টা নেয়া হচ্ছে।

বাসস জানায়, বাংলাদেশ ইংরেজী ভাষা শিক্ষক সমিতির (বেলটা) দু'দিনব্যাপী দ্বিবার্ষিক কনভেনশন উদ্বোধনকালে তিনি বলেন, 'ত্রুটিপূর্ণ অথবা কুশিক্ষা

(শেষ পৃ: ৫-এর কঃ দ্রঃ)

## মাহবুব

(প্রথম পৃঃ পর)

অশিক্ষার চাইতেও খারাপ।'

জাতির অগ্রগতির জন্য মন্ত্রী সুষ্ঠু শিক্ষাব্যবস্থা, উন্নতমানের পাঠ্যপুস্তক ও সুশিক্ষকের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

সমিতির সভাপতি ডঃ এম এন হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কনভেনশনে সমিতির সাধারণ সম্পাদক জনাব আবদুস সেলিমও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বাংলার বিকল্প হিসাবে অন্যকোন ভাষাকে যেমন স্থান দেয়া হবে না তেমনি ইংরেজী ভাষাকে নির্বাসন দেয়ার কোন ইচ্ছাও আমাদের নেই।

তিনি বলেন, প্রেসিডেন্ট এরশাদের সরকারই প্রথম আইন প্রণয়নের মাধ্যমে জাতীয় জীবনের সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার ও উন্নয়নকে বাধ্যতামূলক করেছেন।

শিক্ষাব্যবস্থার আধুনিকীকরণ ও মানোন্নয়নে ব্যক্তিগত আগ্রহের জন্য প্রেসিডেন্ট এরশাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে জনাব রহমান বলেন, তিনি শুধু একজন সফল রাষ্ট্রনায়কই নন, তিনি একজন কবিও।

তিনি বলেন, শিক্ষক, পন্ডিত এবং কলা, সাহিত্য ও সংস্কৃতি বিকাশে নিষ্ঠাবান ব্যক্তিদের প্রতি প্রেসিডেন্ট এরশাদের গভীর শ্রদ্ধা রয়েছে।